# কমিউনিটি অ্যালার্ট: বিমানবন্দরে অভিবাসন সংক্রান্ত গ্রেপ্তার বিষয়ক

## সতর্কতা ন্যাশনাল ইমিগ্রেশন ল সেন্টার থেকে প্রাপ্ত তথ্য

এই তথ্যপত্রটি যুক্তরাষ্ট্রের বিমানবন্দর দিয়ে ভ্রমণকারী অভিবাসীদের জন্য ভ্রমণ নিরাপত্তা পরামর্শ এবং অন্যান্য তথ্য প্রদান করে।

আমাদের সবারই প্রিয়জনদের সাথে দেখা করতে পারা এবং নতুন জায়গা ঘুরে দেখতে ভ্রমণ করতে পারা উচিত। কিন্তু বর্তমানে ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি (DHS) নতুন এবং ক্ষতিকর উপায়ে অভিবাসীদের টার্গেট বা লক্ষ্য করছে। মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানবন্দর দিয়ে ভ্রমণ করা ঝুঁকিপূর্ণ হতে পারে, এমনকি যদি আপনার বৈধ বা প্রক্রিয়াধীন অভিবাসন মর্যাদা থাকে এবং/অথবা অতীতে কোনো সমস্যা ছাড়াই ভ্রমণ করে থাকেন। তাই এখন ভ্রমণের সময় আপনার অধিকার সম্পর্কে জানা এবং সম্ভাব্য ঝুঁকির জন্য প্রস্তুত থাকা আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

এই তথ্যপত্রটি ভ্রমণ সুরক্ষার নিরাপত্তা পরামর্শ অন্যান্য তথ্য প্রদান করে যা আপনাকে ঝুঁকি বুঝতে এবং নিজে ও আপনার পরিবারকে প্রস্তুত করতে সহায়তা করবে।

দাবিত্যাগ: এই তথ্যপত্রটি সাধারণ তথ্য ও নির্দেশনা প্রদান করে। এটি আপনার নির্দিষ্ট পরিস্থিতির জন্য কোনো আইনি পরামর্শ নয়। আমরা পরামর্শ দিই যে কমিউনিটির সদস্যরা সতর্কতা অবলম্বন করুন এবং নিজেদের ব্যক্তিগত মামলার জন্য একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলুন।

### কী ঘটছে

বিমানবন্দরের নিরাপত্তা পরিচালনাকারী সরকারি সংস্থা ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (TSA) যাত্রীদের তথ্য ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE)-এর সাথে শেয়ার করছে। এর ফলে যাদের বৈধ অভিবাসন মর্যাদা নেই বা যাদের স্ট্যাটাস অনিশ্চিত, তারা মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানবন্দরে নিরাপত্তা চেক পার হওয়ার সময় গ্রেপ্তার বা বহিষ্কারের ঝুঁকিতে পড়তে পারেন।

- **এটি কীভাবে ঘটে?** প্রতি সপ্তাহে কয়েকবার TSA যুক্তরাষ্ট্রের বিমানবন্দর দিয়ে ভ্রমণকারী যাত্রীদের তালিকা ICE-কে পাঠায়। এই তালিকায় নাম, ছবি এবং অন্যান্য তথ্য থাকে। ICE এই তথ্য তাদের নিজস্ব রেকর্ডের সাথে মিলিয়ে দেখে। যদি তারা কোনো ব্যক্তিকে লক্ষ্য করে, তাহলে তারা বিমানবন্দরে তাদের কর্মকর্তাদের পাঠিয়ে সেই ব্যক্তিকে গ্রেপ্তার করতে পারে।
- **আমার ব্যক্তিগত তথ্য কি সুরক্ষিত নয়?** সাধারণত সরকারি সংস্থাগুলোর মধ্যে ব্যক্তিগত তথ্য শেয়ার করার নিয়ম থাকে। কিন্তু TSA এবং ICE উভয়ই একই বিভাগ—ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি-এর অধীনে থাকায় সাধারণ গোপনীয়তার এই নিয়মগুলো এখানে প্রযোজ্য হয় না।
- **ICE কি ইতিমধ্যে বিমানবন্দরে লোকজনকে গ্রেপ্তার করছে?** হ্যাঁ। ১২ই ডিসেম্বর ২০২৫-তারিখে নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে যে TSA এই তথ্য ICE-এর সাথে শেয়ার করছে। এর আগেও বিমানবন্দরে ICE-এর গ্রেপ্তারের খবর ছিল। যেমন, ২৫শে নভেম্বর কুইন্সের বাসিন্দা, গিনির অধিবাসী একজন নানি ও গৃহ স্বাস্থ্যকর্মী আইসাতু দিয়ালোকে [Aissatou Diallo] লাগার্ডিয়া বিমানবন্দরে তার ছেলের সাথে দেখা করতে যাওয়ার সময় আটক করা হয়েছিল।

**কারা মার্কিন বিমানবন্দরে গ্রেপ্তারের ঝুঁকিতে আছেন?**

যদি আপনি নথিহীন (আনডকুমেন্টেড)হন বা আপনার অস্থায়ী অভিবাসন মর্যাদা থাকে, তাহলে আপনার মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানবন্দরে গ্রেপ্তারের ঝুঁকি বেশি। যাদের বিরুদ্ধে বহিষ্কারের আদেশ আছে তারা বিশেষ করে উচ্চ ঝুঁকিতে আছেন। সকল নন-সিটিজেনদের (অ-নাগরিক) কিছু না কিছু ঝুঁকি রয়েছে, বিশেষ করে যাদের স্ট্যাটাস অনিশ্চিত অথবা যাদের মধ্যে এমন ঝুঁকির কারণগুলো রয়েছে যা আমরা এখানে বর্ণনা করব। আপনার ঝুঁকি বুঝতে সাহায্য করার জন্য এখানে আরও তথ্য দেওয়া হলো:

- **পুরনো বহিষ্কারের আদেশ:** যদি আপনার বিরুদ্ধে পুরনো বহিষ্কার আদেশ থাকে, তাহলে আপনার গ্রেপ্তারের ঝুঁকি অনেক বেশি। এমনকি আপনি যদি এটি সম্পর্কে না জানেন বা এটি আপনার ছোটবেলার আদেশ হয়, তবুও এটি কার্যকর হতে পারে। আপনার বহিষ্কারের আদেশটি যদি কোনো দ্রুত বহিষ্কার প্রক্রিয়ার মাধ্যমে আসে, তাহলেও এটি ঘটতে পারে। ১৫,০০০-এরও বেশি দক্ষিণ-পূর্ব এশীয়দের বিরুদ্ধে প্রায় কয়েক দশক আগের চূড়ান্ত বহিষ্কার আদেশ রয়েছে এবং তারা বহিষ্কারের ঝুঁকিতে আছেন।
  - **আপনার বিরুদ্ধে বহিষ্কারের আদেশ আছে কিনা, তা কীভাবে যাচাই করবেন?** সরকার যদি আপনাকে কখনও "এলিয়েন রেজিস্ট্রেশন" নম্বর (A-number) সহ কোনো কাগজপত্র দিয়ে থাকে, তাহলে আপনি এক্সিকিউটিভ অফিস ফর ইমিগ্রেশন রিভিউ (EOIR) ওয়েবসাইটের মাধ্যমে অথবা এই হটলাইন নম্বরে ফোন করে যাচাই করতে পারেন: 1-800-898-7180.
- **সরকার বাতিল করেছে (বা শীঘ্রই বাতিল করবে)এমন আইনি মর্যাদা:** আপনার যদি অস্থায়ী আইনি মর্যাদা থেকে থাকে, কিন্তু সরকার সেই মর্যাদা, যার মধ্যে অস্থায়ী সুরক্ষা মর্যাদা (TPS) অন্তর্ভুক্ত, বাতিল বা শেষ হয়ে যায়, তাহলে আপনার গ্রেফতার হওয়ার উচ্চ ঝুঁকি রয়েছে। এর মধ্যে সেইসব ব্যক্তিরাও অন্তর্ভুক্ত যারা প্যারোলে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছিলেন, কিন্তু সেই প্যারোলের মেয়াদ শেষ হয়ে গেছে বা সরকার প্যারোল কার্যক্রমটি বন্ধ করে দিয়েছে। উদাহরণস্বরূপ, সরকার সম্প্রতি নেপালের জন্য টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস বাতিল করেছে, এবং বার্মার জন্য টিপিএস-এর মেয়াদ ৩০শে মার্চ ২০২৬-তারিখে শেষ হয়ে গেছে।
- **প্রক্রিয়াধীন আবেদন:** আপনি যদি যুক্তরাষ্ট্রে অভিবাসন মর্যাদার জন্য আবেদন করে থাকেন, তবুও ICE আপনাকে গ্রেপ্তার করতে পারে। এর অর্থ হলো, আপনি আশ্রয়, গ্রিন কার্ড (বৈধ স্থায়ী অভিবাসন), বা অন্য কোনো ধরনের স্থায়ী সুরক্ষার জন্য আবেদন করলেও বিমানবন্দরে আপনার গ্রেপ্তার হওয়ার ঝুঁকি থাকতে পারে। যুক্তরাষ্ট্রে থাকাকালীন আপনার স্ট্যাটাসের পরিবর্তন বা মেয়াদ বাড়ানোর আবেদনগুলোও এর অন্তর্ভুক্ত।
- **যেকোনো অপরাধের ইতিহাস:** আপনি যদি মার্কিন নাগরিক না হন এবং আপনার বিরুদ্ধে কোনো ফৌজদারি অপরাধের অভিযোগ থেকে থাকে (এমনকি মামলাটি খারিজ হয়ে গেলেও), অভিবাসন কর্মকর্তারা আপনাকে গ্রেপ্তার করার চেষ্টা করতে পারেন।
  - অভিবাসন আইনে কিছু বিষয়কে "দণ্ডপ্রাপ্ত" হিসেবে গণ্য করে, এমনকি যদি আপনাকে বলাও হয় যে আপনার মামলাটি বন্ধ করে দেওয়া হয়েছে বা আপনি দোষ স্বীকার করে নেওয়া আবেদনটি প্রত্যাহার করে নিয়েছেন। এ বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য অভিজ্ঞ একজন অভিবাসন আইনজীবীকে দিয়ে আপনার ফাইলটি পর্যালোচনা করানোই শ্রেয়।
- **গ্রিন কার্ডধারী:** গ্রিন কার্ড থাকলেও অভিবাসন কর্মকর্তারা আপনাকে গ্রেপ্তার করতে পারেন যদি তাদের নির্দিষ্ট কিছু ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার রেকর্ড (এমনকি ছোটখাটো অপরাধেরও) বা অন্যান্য ঝুঁকির কারণ থাকে। আপনার ঝুঁকি মূল্যায়ন করতে অনুগ্রহ করে এই বিষয়ে NILC-এর রিসোর্সটি পর্যালোচনা করুন।
- **DACA ধারণকারী এবং ডিফার্ড অ্যাকশন প্রাপ্ত অন্যান্য ব্যক্তি:** ICE, ডিফার্ড অ্যাকশন ফর সার্টেন চাইল্ডহুড অ্যারাইভালস (DACA) স্ট্যাটাসধারী বেশ কিছু ব্যক্তিকে আটক করেছে। আপনার DACA বা অন্য কোনো ধরনের ডিফার্ড অ্যাকশন থাকলেও বিমানবন্দর দিয়ে ভ্রমণ করা ঝুঁকিপূর্ণ হতে পারে। DACA সম্পর্কিত সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে এই 'হোম ইজ হিয়ার' রিসোর্সটি পর্যালোচনা করুন।

ভ্রমণ নিরাপত্তা পরামর্শ

- **বিমানবন্দরে আপনার অধিকার জানুন।**
    - টিএসএ (TSA), কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন বা অন্যান্য অভিবাসন আইন কর্মকর্তাদের কাছ থেকে অতিরিক্ত স্ক্রিনিং বা প্রশ্নের জন্য প্রস্তুত থাকুন।
    - এসিএলইউ (ACLU)-এর একটি রিসোর্স রয়েছে যেখানে বর্ণনা করা হয়েছে কী ঘটতে পারে এবং জিজ্ঞাসাবাদের সম্মুখীন হলে আপনার অধিকারগুলো কী কী, তা ব্যাখ্যা করা হয়েছে।
- **গুরুত্বপূর্ণ কাগজপত্রের অনুলিপি সঙ্গে রাখুন, যার মধ্যে রয়েছে:**
    - বৈধ স্ট্যাটাসের প্রমাণপত্র বা প্রক্রিয়াধীন আবেদনপত্র
    - ফৌজদারি আদালতের আদেশের সত্যায়িত অনুলিপি, যদি আপনার মামলাটি খারিজ হয়ে গিয়ে থাকে।
- **আপনার ডিভাইস (ফোন, ল্যাপটপ, ইত্যাদি) সুরক্ষিত রাখুন।**
    - আপনি যদি মোবাইল ফোন বা অন্য কোনো ডিভাইস নিয়ে ভ্রমণ করেন, তাহলে আইন প্রয়োগকারী সংস্থার সেই ডিভাইসটি তল্লাশি করার সম্ভাবনা কমানোর জন্য পদক্ষেপ নিন। উদাহরণস্বরূপ, আমরা আপনাকে আপনার টিকিট প্রিন্ট করে নেওয়ার পরামর্শ দিই, যাতে বিমানে ওঠার সময় আপনাকে ফোন খুলতে না হয়। আপনার ইমেইল অ্যাকাউন্টগুলো থেকেও সাইন আউট করা উচিত।
    - আপনি ফ্রিডম অফ দ্য প্রেস ফাউন্ডেশন থেকে আরও বিস্তারিত পরামর্শ পেতে পারেন।
- **একটি নিরাপত্তা পরিকল্পনা করুন – যদি প্রয়োজন হয়।**
    - একজন আইনজীবী এবং অন্তত একজন প্রিয়জনের ফোন নম্বর মুখস্থ রাখুন, যিনি প্রয়োজনে সাহায্যের জন্য সবসময় প্রস্তুত থাকবেন।
    - যদি আপনাকে গ্রেপ্তার ও আটক করা হয়, তবে আপনি এই নির্দিষ্ট প্রাইভেসি ওয়েভার ফর্মটিতে স্বাক্ষর না করা পর্যন্ত ICE আপনার মামলা সংক্রান্ত কোনো তথ্য কারও সাথে শেয়ার করবে না। এই ফর্মগুলির এক বা একাধিকটিতে স্বাক্ষর করে আপনার কোনো প্রিয়জনের কাছে রেখে দেওয়ার কথা বিবেচনা করুন, যদি আপনাকে আটক করা হয়।
- **অভিভাবকদের জন্য বিশেষ পরামর্শ:**
    - ICE-এর একটি নীতি রয়েছে যাতে বলা হয়েছে যে আটক থাকা অভিভাবকদের তাদের সন্তানদের কী হবে সে সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার অধিকার রয়েছে। তবে, ICE সবসময় তার নিজস্ব নীতি অনুসরণ করে না।
    - আপনি যদি আটক হন তবে আপনার সন্তানদের দেখাশোনার জন্য একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা বন্ধুর কাছে অস্থায়ী অভিভাবকত্বের ব্যবস্থা করার কথা বিবেচনা করুন। চিলড্রেন থ্রাইভ অ্যাকশন নেটওয়ার্কের এই রিসোর্সটিতে সহায়ক তথ্য রয়েছে: "Staying Whole: A Love Letter to Immigrant Parents."
- আরও তথ্যের জন্য NILC-এর রিসোর্স লাইব্রেরি দেখুন।